

## প্রেস বিজ্ঞপ্তি

### জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ বিভিন্ন অপরাধে ১১৪টি প্রতিষ্ঠানকে ৯.১৭ লক্ষ টাকা জরিমানা

**১৯ মার্চ ২০১৯ খ্রি:**

বাণিজ্য মন্ত্রণালয়ধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বিভিন্ন বিভাগীয় ও জেলা কার্যালয়ের ৪৪ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, চট্টগ্রাম মহানগর, কিশোরগঞ্জ, শরীয়তপুর, গোপালগঞ্জ, ফরিদপুর, গাজীপুর, ময়মনসিংহ, নরসিংদী, মানিকগঞ্জ, টাঙ্গাইল, মুন্সীগঞ্জ, রাজবাড়ি, নেত্রকোনা, গাইবান্ধা, দিনাজপুর, কুড়িগ্রাম, লালমনিরহাট, রংপুর, ঝিনাইদহ, সিরাজগঞ্জ, ফেনী, কুমিল্লা, কক্সবাজার, চুয়াডাঙ্গা, পটুয়াখালী, ভোলা, রাজশাহী, হবিগঞ্জ, মাগুরা, বাগেরহাট, সিলেট, বরিশাল ও যশোরে বাজার তদারকি করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক জনাব শাহানাজ সুলতানা, জনাব ফাহমিনা আক্তার, জনাব রজবী নাহার রজনী ও জনাব জান্নাতুল ফেরদাউস এবং ঢাকা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব মোঃ আব্দুল জব্বার মন্ডল কর্তৃক কলাবাগান, ধানমন্ডি, মোহাম্মদপুর ও বাবু এলাকায় বাজার তদারকি পরিচালনা করা হয়। বাজার তদারকিকালে অস্বাস্থ্যকর মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয়ের অপরাধে ফাস্ট ফাইভ ফার্মা ও তাকওয়া ফার্মে সিকে ১০,০০০/- টাকা করে ২০,০০০/- (বিশ হাজার) টাকা, ডে নাইট ফার্মে সিকে ১২,০০০/- (বার হাজার) টাকা, মারিয়া ফার্মে সি হোসনেয়ারা ফার্মে সি ড্রাগ ফার্মা, মেসার্স ঠাকুরগাঁও ফার্মা ও ঠাকুরগাঁও ফার্মাকে ২০,০০০/- টাকা করে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা, বিল্লাহ ফার্মা (মোহাম্মদপুর), এন এস ফার্মা ডিসেন্ট ফার্মা, যমুনা ফার্মে সি বিল্লাহ ফার্মা (কলাবাগান) ও আল মদিনা ফার্মে সিকে ১৫,০০০/- টাকা করে ৯০,০০০/- (নব্বই হাজার) টাকা, হ্যাপি মেডিকেল হল ও আল রাজি মেডিকেটিভকে ৫,০০০/- টাকা করে ১০,০০০/- (দশ হাজার) টাকা, লিভা ফার্মে সিকে ও এস ফার্মাকে ৩০,০০০/- টাকা করে ৬০,০০০/- (ষাট হাজার) টাকা, এবং তাহিম ফার্মা ও মেডিসিন ওয়াস্কে ২৫,০০০/- টাকা করে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকাসহ মোটসহ মোট ৩,৪২,০০০/- (তিন লক্ষ বিয়াল্লিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

এছাড়া দেশব্যাপী ৩৯টি বাজার তদারকির মাধ্যমে অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরি, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয় খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ, প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করা, ভেজাল পণ্য বা ঔষধ বিক্রয়, বাটখারা বা ওজন পরিমাপক যন্ত্রের কারচুপি, ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়, সেবা গ্রহীতার জীবন বা নিরাপত্তা বিপন্নকারী কার্য, ওজনে কারচুপি, অবহেলা ইত্যাদি দ্বারা সেবা গ্রহীতার অর্থ, স্বাস্থ্য, জীবনহানি ইত্যাদি ঘটানো, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করার অপরাধে ৯০টি প্রতিষ্ঠানকে ৫,৫৬,৫০০/- (পাঁচ লক্ষ ছাশান্ন হাজার পাঁচশত) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অন্যদিকে লিখিত অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রির অপরাধে ৪টি প্রতিষ্ঠানকে ১৯,০০০/- (দুই হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ৪ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে ৪,৭৫০/- (চার হাজার সাত শত পঞ্চাশ) টাকা প্রদান করা হয়।

গত ১৯ মার্চ ২০১৯ তারিখে ৪৪টি বাজার তদারকি ও ৪টি লিখিত অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে ১১৪টি প্রতিষ্ঠানকে মোট ৯,১৭,৫০০/- (নয় লক্ষ সতের হাজার পাঁচশত) টাকা জরিমানা আরোপ ও আদায় এবং আদায়কৃত জরিমানা হতে ৪ জন অভিযোগকারীকে ৪,৭৫০/- (চার হাজার সাত শত পঞ্চাশ) টাকা প্রদান করা হয়। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, জেলা পুলিশ, আর্মড পুলিশ ব্যাটালিয়ন, সিভিল সার্জন, মৎস্য কর্মকর্তা পরিবেশ অধিদপ্তরের প্রতিনিধি, বাজার কর্মকর্তা স্যানিটোরী ইন্সপেক্টর, শিল্প ও বণিক সমিতির প্রতিনিধি এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করেন। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে।

স্বাক্ষরিত/-

(আফরোজা রহমান)

সহকারী পরিচালক (কার্য কন্ম)

ফোনঃ ০২-৮১৮৯৪১১

ই-মেইলঃ ad-operation@dncrp.gov.bd

প্রাপক,

১। ব্যবস্থাপনা পরিচালক, এটিএন বাংলা/এটিএন নিউজ/চ্যানেল আই/ইটিভি/এনটিভি/আরটিভি/বাংলাভিশন/দেশ টেলিভিশন/ সময় টিভি/ চ্যানেল ৭১/যমুনা টিভি/এসএটিভি/মাছরাঙা/গাজী টেলিভিশন/বৈশাখী টিভি/চ্যানেল নাইন/ এশিয়া টিভি/ মাইটিভি/ বিজয় টেলিভিশন (উল্লিখিত টিভি চ্যানেলগুলোতে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।

২। সম্পাদক, দৈনিক প্রথম আলো/ডেইলি স্টার/দৈনিক ইত্তেফাক/দৈনিক যুগান্তর/দৈনিক সমকাল/দৈনিক জনকণ্ঠ/ দৈনিক মানবজমিন/ দৈনিক আমাদের সময়/দৈনিক নয়াদিগন্ত/দৈনিক যায়যায়দিন/দৈনিক বাংলাদেশ প্রতিদিন/ দৈনিক সংগ্রাম/ দৈনিক ভোরের কাগজ/দৈনিক সকালের খবর/দৈনিক ভোরের ডাক/দৈনিক দিনকাল/দৈনিক মানবকণ্ঠ/ দৈনিক আমাদের অর্থ নীতি/ দৈনিক বণিক বার্তা/বার্তা/দৈনিক আমার কাগজ/ সাপ্তাহিক কনজুমার ভয়েস/দৈনিক দেশেরপত্র (উল্লিখিত সংবাদ পত্রিকাগুলোতে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।

অনুলিপি: অবগতি ও কার্যার্থে(তৌর নিয়ন্ত্রিত প্রচার মাধ্যমে/দাপ্তরিক নোটিশ বোর্ডে সংযুক্ত ছকটি ব্যাপক প্রচারের জন্য)

- ১। মহাপরিচালক, র‍্যাভ/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। পরিচালক (প্রশাসন ও অর্থ), জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
- ৪। প্রধান তথ্য কর্মকর্তা/পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৫। পুলিশ কমিশনার (সকল)।
- ৬। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৭। জেলা প্রশাসক (সকল)।
- ৮। পুলিশ সুপার (সকল)।
- ৯। সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ১০। জনসংযোগ কর্মকর্তা/বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।